গাংনীতে স্বেচ্ছাসেবী সংগঠন বন্ধন এর ত্রাণ বিতরণ

করোনার কারণে কর্মহীন হয়ে পড়া দুস্থদের মাঝে ত্রাণ সামগ্রী বিতরণ করেছে গাংনী উপজেলা ভিত্তিক স্বেচ্ছাসেবী ও সাংস্কৃতিক সংগঠন বন্ধন।

শনিবার দুপুরে সংগঠনের পরিচালক আব্দুস ছামাদ সোহাগের নিদের্শনায় গাংনী প্রেসক্লাব কার্যালয়ে এ ত্রাণ বিতরন করা হয় । ত্রাণের মধ্যে রয়েছে এক মাসের জন্য চাল, ডাল, তেল, আটা ও সবজি।

সংগঠনের মডারেটর শাহজাহান আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন প্রেসক্লাব সম্পাদক মাহাবুব আলম। এসময় সংগঠনের অন্যান্য সদস্য ওয়ালিদ আল জাবের প্লাবন, আবির হামজা রবিন ও সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।

সংগঠনের পরিচালক আব্দুস ছামাদ সোহাগ জানান, করোনার কারণে অনেক খেটে খাওয়া দুস্থ ও অসহায় লোকজন কর্মহীন হয়ে পড়ে। এ সংগঠনটি অসহায়দের পাশে এসে তাদের খাবারের ব্যবস্থা করছে। এরই ধারা বাহিকতায় এ ত্রাণ বিতরন করা হয়।

গাংনীতে এক রাতে কৃষকের আট টি সেচ পাম্প গায়েব

মেহেরপুরের গাংনী পৌরসভার বাঁশবাড়ীয়া ও শিশিরপাড়ার মাদিয়ার মাঠে থেকে গত বুধবার দিবাগত রাত্রে বাঁশবাড়ীয়া গ্রামে আট টি সেচ পাম্প চুরি হয়েছে।

চুরি হওয়া সেচ পাম্পের মধ্যে মৃত ফয়জদ্দীনের ছেলে মাছিন আলীর (২)টি, মৃত মোবারক ছেলে আসমত আলীর (১)টি, মৃত খয়রদ্দিনের ছেলে জমির আলীর (১)টি, রেজাউল হকের ছেলে ছানোয়ারের (১)টি, মৃত মোবারক ছেলে আরফিন আলীর (১)টি, ২নং ওয়ার্ড শিশিরপাড়া মৃত দাউদ

মন্ডলের ছেলে মনিরুল ইসলামের (১)টি, আজিমদ্দিন ছেলে বাইদুল্লাহর (১)টি সর্বমোট ৮টি সেচ পাম্প।

গাংনী পৌরসভার ১নং ওয়ার্ড কাউন্সিলর মিজানুর রহমান (মদন) মেহেরপুর প্রতিদিন কে জানান, আমার ওয়ার্ডের ৫ জন কৃষকের ৬ টি মটর মাদিয়ার মাঠ থেকে চুরি হয়ে যায়। এই মাঠে প্রায় ১ হাজার বিঘা জমিতে বিভিন্ন ধরনের ফসল আবাদ হয়। ৮টি মটর চুরির কারনে গরীব কৃষকরা দিশেহার হয়ে পড়েছে।

গাংনী পৌরসভার ২নং ওয়ার্ড কাউন্সিলর মিজানুর রহমান মেহেরপুর প্রতিদিন কে জানান, প্রতিটি মটরের দাম ২৫ হাজার টাকা প্রায় ২ লক্ষ টাকা ক্ষতি হয়েছে গরীব কৃষকদের।

এই সংবাদ লেখার সময় পর্যন্ত গাংনী থানায় কোন সাধরণ ডাইরি হয়নি।

গাংনীতে হত্যাসহ ৬ মামলার আসামী লাল্টু কানা গ্রেফতার

মেহেরপুরের গাংনীর কাজিপুরে ইসমত কবির ডাবলু হত্যা মামলার আসামী লাল্টু কানা (৪২) কে গ্রেফতার করেছে পুলিশ।

বুধবার দুপুর ২ টায় কুষ্টিয়া জেলার প্রাগপুর থেকে তাকে গ্রেফতার করা হয়। তার নামে গাংনী ও মিরপুর থানায় ৬টি মামলা রয়েছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো: ওবাইদুর রহমান জানান,কাজিপুর গ্রামের খবির উদ্দীনের ছেলে ইসমত কবির ডাবলু হত্যা মামলার এজাহার নামীয় ২ নং আসামী লাল্টু কানা প্রাগপুর এলাকায় অবস্থান করছে এমন সংবাদের ভিত্তিতে ওসি তদন্ত মো: সাজেদুল ইসলাম অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে। তার নামে গাংনী থানায় হত্যা, পুলিশের উপর হামলা, চাঁদাবাজি, অপহরন, ডাকাতির ৫টি ও মিরপুর থানায় মাদকের একটি মামলা রয়েছে।

মামলার তদন্তকারী কর্মকর্তা ওসি তদন্ত মো: সাজেদুল ইসলাম জানান,মামলার পর থেকে লাল্টু কানা পলাতক ছিলো। সে কাজিপুর ও

পার্শবর্তী দৌলৎপুর এলাকার শীর্ষ সন্ত্রাসী। ২০১২ সালে সাহেবনগর তালতলা এলাকায় বিক্ষুদ্ধ গ্রামবাসি চামচ দিয়ে তার চোঁখ তুলে নেয়। তারপরও বহু অপকর্ম করলেও অন্ধের কারনে বিভিন্ন সময়ে পার পেয়ে গেছে।

তিনি আরো বলেন,ইসমত কবির ডাবলু হত্যার মুল ইন্দন ও হুকুম দাতা লাল্টু কানা। তাকে জিজ্ঞাসাবাদ শেষে আদালতে সোপর্দ করা হবে।

উল্লেখ্য: গত ১৬ মে শনিবার সন্ধ্যায় গাংনী উপজেলার সাহেবনগর গ্রামে লিচু বাগান দখলকে কেন্দ্র হামলায় উভয় পক্ষের ইসমত কবির ডাবলু ও সানারুল হক নিহত হয়। এ ঘটনায় ইসমত কবির ডাবলুর মা ইসলামা খাতুন বাদী হয়ে কাজিপুর ইউপি সদস্য হাবিবকে ১ ও লাল্টু কানা ২ নং আসামী করে ১০জন সহ অজ্ঞাত নামাদের বিরুদ্ধে একটি হত্যা মামলা দায়ের করে মামলা নং ১৬ তাং ১৭.০৫.২০ ও সানারুল হক নিহতের ঘটনায় তার স্ত্রী বাদী হয়ে ইসমত কবির ডাবলু ও তার পিতা খবিরের নামে হত্যা মামলা দায়ের করে যার নং ১৭ নং তাং ১৭.০৫.২০ ইং।

গাংনীতে করোনা পজিটিভ রোগীর বাড়িতে ঔষধ সরবারহ

জীবনের ঝুঁকি নিয়ে গাংনীতে লকডাউন এ রাখা করণা পজিটিভ রোগের বাড়িতে বাড়িতে নিয়মিতভাবে ঔষধপত্র পৌঁছে দিচ্ছেন চিকিৎসকরা।

যাদের সংস্পর্শ এবং আশপাশের এলাকায় যেতে ভয় পাচ্ছে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ তবুও জীবনের ঝুঁকি নিয়ে ঝুঁকি নিয়ে নিয়মিত ভাবে ঔষধ পৌঁছে দেয়ার ঘাটতি নেই তাদের।

করোনা পজেটিভ রোগীদের বাড়িতে প্রতিদিনের ন্যায় মঙ্গলবার সকালে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসকদের একটি টিম প্রতিটি পজিটিভ রোগের বাড়িতে পৌঁছে দেয়া হচ্ছে করোনা রোগীর চিকিৎসার ওষুধ। নিরাপদ দূরত্ব থেকে বলে দেয়া হচ্ছে ওষুধ সেবনের নিয়ম। নিজের সুস্থ হওয়ার জন্য চিকিৎসকদের পরামর্শ অনুযায়ী ওষুধ সেবন করছেন রোগীরাও।

বৈশ্বিক মহামারী করোনা ভাইরাসের আক্রান্তের হাত থেকে সাধারণ মানুষ তো মরছেই রেহাই পায়নি চিকিৎসক পুলিশ সাংবাদিকরাও। আস্তে আস্তে পেশাগত দায়িত্ব পালনে অনেকেই অনীহা প্রকাশ করলেও চিকিৎসকরা আজও রয়েছে মাঠে ময়দানে নিজ কর্মক্ষেত্রে। চিকিৎসকদের এই দায়িত্ববোধ এবং সেবা প্রদানের মহানুভবতা স্মরণে রাখার মত বলে মনে করছেন সুধীমহল। জাতির এই ক্রান্তিলগ্নে করণা পজিটিভ রোগীদের সুস্থ করার জন্য গাংনী উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্সে একঝাঁক তরুণ চিকিৎসক ও সেবা প্রদানে সোচ্চার রয়েছেন।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা রিয়াজুল আলম ও আবাসিক মেডিকেল অফিসার ডাক্তার সাদিয়া সুলতানা তরুণ চিকিৎসকদের সাথে নিয়ে সেবা দিয়ে যাচ্ছে গাংনী বাসিকে।

আবাসিক মেডিকেল অফিসার সাদিয়া সুলতানা জানান, গাংনীতে পর্যন্ত চারজন করনা পজেটিভ রোগী রয়েছে। তাদের বাড়ি লকডাউন করা হয়েছে। তাদেরকে নিয়মিত চিকিৎসা এবং স্বাস্থ্য সুরক্ষা পরামর্শ দেয়া হচ্ছে। তারা বর্তমানে খুবই ভালো আছে। তবে তারা দ্রুত সুস্থ হয়ে উঠবেন বলেও তিনি আশাবাদী।

ওষুধ প্রদানের সময় স্যানিটারী ইন্সপেক্টর মশিউর রহমান, স্বাস্থ সহকারি ও স্যাকমো বৃদ্ধরা উপস্থিত ছিলেন।

গাংনীর বামন্দিতে সুন্দরী হত্যা কান্ডে অজ্ঞাত আসামি করে মামলা

মেহেরপুরের গাংনী উপজেলার বামুন্দিতে সুন্দরী খাতুন কে হত্যা ও স্বামীকে গুরুতর জখম করে তালাবদ্ধ করে রাখার অপরাধে মামলা দায়ের হয়েছে।

গত শুক্রবার সন্ধ্যা সাড়ে ৭ টার দিকে সুন্দরী খাতুনের ভাগ্নে উপজেলার নওদা মটমুড়া গ্রামের মৃত হারান মণ্ডলের ছেলে রেজাউল হক

বাদী হয়ে অজ্ঞাতনামা ব্যক্তিদের আসামি করে গাংনী থানায় একটি হত্যা ও জখম মামলা দায়ের করেন।

যার মামলা নাম্বর ২৪ তারিখ: ২৯/০৫/২০২০ ইং ধারা: ৪৪৮, ৩২৪, ৩২৬, ৩০৭, ৩০২ ও ৩৪.

এ মামলার তদন্তকারী কর্মকর্তা হলেন জেলা গোয়েন্দা শাখার পুলিশ পরিদর্শক (নিঃ) জুলফিকার আলী।

গাংনীতে ৮ বোতল ফেন্সিডিলসহ দুই যুবক আটক

মেহেরপুরের গাংনী উপজেলার লক্ষীনারায়নপুর ধলা গ্রাম থেকে ৮ বোতল ফেন্সিডিলসহ দুই যুবককে আটক করেছে গাংনী থানা পুলিশ।

আজ রোববার দুপুর সোয়া ২ টার দিকে লক্ষীনারায়নপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় এলাকা থেকে তাদেরকে আটক করা হয়। পরে তাদের দেহ তল্লাশি করে উভয়ের নিকট থেকে ৮ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়।

আটককৃতরা হলো- লক্ষীনারায়ণপুর ধলা গ্রামের নজরুল ইসলামের ছেলে নাহিদুল ইসলাম (২২) ও একই গ্রামের মৃত তোফাজ্জেল হকের ছেলে রাজা মিয়া (২৩)|

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ওবায়দুর রহমান, লক্ষীনারায়নপুর ধলা গ্রামে ফেন্সিডিল পাচার হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে রামকৃষ্ণপুর ধলা ক্যাম্পের এসআই নূর ইসলাম সঙ্গীয় ফোর্স নিয়ে নাহিদুল ও রাজা মিয়াকে আটক করে। পরে তাদের দেহ তল্লাশি করে ৮ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়।

আগামীকাল আটককৃতদের বিরুদ্ধে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে আদালতে সোপর্দ করা হবে।

[redacted]

[redacted]

বিল্ডিংটির প্রকল্পিত ব্যয়: ৬০ লক্ষ ৫৩ হাজার ২’শ টাকা।

মেহেরপুর গাংনীতে বিজিবির সদস্যর স্ত্রীর স্বীকৃতি পেতে সংবাদ সম্মেলন

মেহেরপুরের গাংনীতে এক বিজিবির সদস্যর স্ত্রী হিসেবে স্বীকৃতি পেতে এবং তার বিরুদ্ধে সংবাদ সম্মেলন করেছেন প্রথম স্ত্রী নাসিমা খাতুন। শনিবার দুপুরে গাংনী প্রেসক্লাবে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। ওই বিজিবি সদস্য গাংনীর পীরতলা গ্রামের রেজাউল হকের ছেলে লিটন মিয়া।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে নাসিমা খাতুন জানান, বছর দশেক আগে তার প্রথম স্বামী মারা যাওয়ার পর দুই সন্তানসহ স্বামীর বাড়ি নওদাপাড়া গ্রামে ও তেঁতুলবাড়িয়া গ্রামে পিতা আরোজ উল্লাহর বাড়িতে অবস্থান করতেন। ২০১৫ সালের প্রথমে লিটনের সাথে পরিচয় ঘটে।

ওই বছরের মে মাসে চুয়াডাঙ্গার আলোকদিয়া নিকাহ রেজিস্টার নাসির উদ্দীনের কার্যালয়ে তিন লাখ টাকা মোহরানা ধার্য করে বিবাহ সম্পন্ন হয় এবং ঢাকাতে নিয়ে স্বামী স্ত্রীর ন্যায় বসবাস শুরু করেন। সেসময় চট্টগ্রাম চকোরিয়াতে চাকুরির কথা বলে চলে যান লিটন। স্বামীর কথা অনুযায়ী নাসিমা একটি গার্মেন্টস্ ফ্যাক্টরীতে চাকরী নেন। চাকুরি করাকালীণ সময়ে প্রাপ্য বেতনে নিজের খরচ মেটানো ছাড়াও বাকী টাকা তুলে দিতেন স্বামী লিটনের হাতে।

এভাবেই কেটে যায় পাঁচটি বছর। গত পাঁচ মাস আগে লিটন নিজেকে অবিবাহিত পরিচয় দিয়ে গাংনীর ব্রজপুর গ্রামে ইন্তাজ আলীর মেয়ে অনামিকার সাথে বিয়ে করেন। বিষয়টি জানতে পেরে প্রথম স্ত্রী নাসিমা ঢাকা থেকে বাড়ি আসেন ও স্ত্রীর অধিকার আদায়ে শ্বশুর বাড়িতে গেলে ওই বাড়ির লোকজন নাসিমাকে বাড়ি থেকে তাড়িয়ে দেয়। স্ত্রীর অধিকার পেতে বিভিন্ন জনের কাছে ঘুরেও কোন সমাধান না পেয়ে তিনি সংবাদ সম্মেলন করেন।

নাসিমা আরো জানান, স্বামী লিটন তার অধিকার হরণ করে মিথ্যার আশ্রয় নিয়ে দ্বিতীয় বিয়ে করেছেন। তিনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ ও বিচার দাবী করেন।

মেহেরপুরে পৃথক অভিযানে ৩ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে পৃথক অভিযান চালিয়ে হেরোইন ও ফেন্সিডিল সহ ৩ জন মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ।

শুক্রবার বিকালে এস আই মোহাম্মদ মেজবাউর রহমান এর নেতৃত্বে অভিযান চালিয়ে মেহেরপুর শহরের কোটপাড়া থেকে অপূ সাহা (২৪) ও শাহীন নামের ২ মাদক ব্যবসায়ীকে ২০ গ্রাম হেরোইনসহ আটক করা হয়। আটক অপূ সাহা শহরের স্টেডিয়ামপাড়ার মৃত অশোক সাহার ছেলে ও শাহীন একই পাড়ার বাবর আলীর ছেলে।

অপরদিকে একইদিনে এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে গাংনী থানার করমদি এলাকা থেকে আট বোতল ফেনসিডিলসহ আরিফুল ইসলাম নামের আরও এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে। আটক আরিফুল ইসলাম করমদি বাজারপাড়ার মৃত আলতাফ হোসেন এর ছেলে।

জেলা গোয়েন্দা পুলিশের ভারপ্রাপ্ত ওসি জুলফিকার জানান, শুক্রবার মেহেরপুর সদর ও গাংনী উপজেলার করমদী গ্রামে অভিযান চালিয়ে ৩ মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে। তাদের বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় ও গাংনী থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে।
মেপ্র/এমএফআর

[redacted]

[redacted]